

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৩, ২০২৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৯ ভাদ্র, ১৪৩৩ মোতাবেক ০৩ সেপ্টেম্বর, ২০২৬

নিম্নলিখিত বিলটি ১৯ ভাদ্র, ১৪৩৩ মোতাবেক ০৩ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে জাতীয় সংসদে
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং ১০৮/২০২৬

ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ সংশোধনকল্পে আনীত

বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে, ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ (২০২৬ সনের ৮৮ নং
আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন ব্যাংক রেজল্যুশন (সংশোধন) আইন,
২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০২৬ সনের ৮৮ নং আইনের ধারা ১৮ক এর বিলুপ্তি।— ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬
(২০২৬ সনের ৮৮ নং আইন) এর ধারা ১৮ক বিলুপ্ত হইবে।

(২৪৩৮৫)

মূল্য : টাকা ৪.০০

উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

প্রচলিত রেজল্যুশন টুলসমূহের পাশাপাশি একটি বাজারভিত্তিক বিকল্প ব্যবস্থা প্রচলন, রেজল্যুশনের আওতাধীন ব্যাংককে সচল রেখে এর পুনর্গঠন, মূলধন ঘাটতি ও তারল্য সংকট দূরীকরণ, অমানতকারী ও বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষা, সরকারি আর্থিক সংশ্লেষ হ্রাসকরণ এবং ব্যাংকিং খাতের বাস্তব পরিস্থিতি বিবেচনায় নিয়ে ‘ব্যাংক রেজল্যুশন আইন, ২০২৬ (২০২৬ সনের ৮৮ নং আইন)’ এ ১৮ক ধারাটি সংযোজন করা হয়। আইনটি কার্যকর হওয়ার পর উক্ত ধারার পূর্ণ শর্ত পরিপালন করে ইতোমধ্যে কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান আবেদন না করায় ধারাটি বিলুপ্ত করার লক্ষ্যে ‘ব্যাংক রেজল্যুশন (সংশোধন) আইন, ২০২৬’ প্রণয়ন করা সমীচীন এবং ইহার প্রয়োজনীয়তা প্রাসঙ্গিক।

আমির খসরু মাহমুদ চৌধুরী
ভারপ্রাপ্ত মন্ত্রী।

ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া
সচিব।